কালের কণ্ঠ

তারিখ ... 05 NOV 2017 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# উপাচার্যের দপ্তরে তালা ২০ দিন

**কুমিল্লা** (দক্ষিণ) প্রতিনিধি ▷

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দপ্তরে ২০ দিন ধরে তালা ঝুলছে। গত ১৬ অক্টোবর থেকে উপাচার্যের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ এনে ১৪ দফা দাবিতে আন্দোলন শুরু করে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

চলতি বছরের ২ ডিসেম্বর উপাচার্যের চার বছর মেয়াদ শেষ হচ্ছে। দাবি মেনে না নিলে উপাচার্যকে অফিসে ঢুকতে না দেওয়ার ঘোষণায় দৃঢ় অবস্থানে রয়েছে শিক্ষক সমিতি। গতকাল বিশ্ববিদ্যালয়ে গিয়ে তালাবদ্ধ কক্ষ দেখা গেছে। কর্মকর্তারা জানান, আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজ স্থবির হয়ে পড়েছে। গত ২২ অক্টোবর থেকে ২৪ অক্টোবর পর্যন্ত এই তিন দিন বিশ্ববিদ্যালয়ের কর্মরত প্রভাষকদের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বাছাই বোর্ডের সভা স্থগিত করা হয়েছে। ২৪ অক্টোবর কর্মচারীদের পদোন্নতির বাছাই বোর্ডের সভা স্থগিত রয়েছে। এদিকে গত ২৯ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে সব ধরনের নিয়োগ প্রক্রিয়া বন্ধ রাখার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আবু তাহের বলেন, উপাচার্য নানা ধরনের অনিয়ম করে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন করেছেন। শিক্ষক সমিতি তাই আন্দোলন করছে। এ আন্দোলন চলবে। এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আশরাফ বলেন, 'আন্দোলনের সঙ্গে বড় জোর ১৫ থেকে ২৫ জন শিক্ষক জড়িত। তাঁদের কারণে বাকিরা ক্ষতিগ্রস্ত হচ্ছে।'